দর্শনায় আনছার-ভিডিপির মৌলিক প্রশিক্ষণ

জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে সারা দেশে একযোগে ৫ম ধাপে আনছার-ভিডিপি মৌলিক প্রশিক্ষণ শুরু হয়েছে। দামুড়হুদা উপজেলা পরিষদের উদ্যোগে দর্শনা কলেজ বিজ্ঞান ভবনে ১০ দিন ব্যাপী এ প্রশিক্ষণে দর্শনা পৌরসভার ৯টি ওয়ার্ডের ৪০ জন প্রশিক্ষণার্থী আনছার ও ভিডিপির মৌলিক প্রশিক্ষণ গ্রহণ করছে।

গত ১লা ডিসেম্বর থেকে আনছার ও ভিডিপি মৌলিক প্রশিক্ষণ শুরু হয়েছে। দেশের প্রতিটি ইউনিয়ন, পৌরসভা ও সিটি করপোরেশনে আনছার ও ভিডিপি মৌলিক প্রশিক্ষণ চলমান রয়েছে। আগামী জাতীয় সংসদ নির্বাচনের নিরাপত্তা নিশ্চিত করতে এ প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণার্থীরা আগামী জাতীয় সংসদ নির্বাচনে নিরাপত্তার দায়িত্ব পালন করবেন।

প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করছেন সারজিদ হোসেন ও হুমায়ুন কবির। এছাড়া দলনেতা হিসেবে এ প্রশিক্ষণে অংশ নিচ্ছেন সৌরভ, রোজিনা খাতুন ও আমেনা খাতুন।

মেহেরপুরে অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সমাপনী

মেহেরপুরে জেলা ভিত্তিক আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণের (পুরুষ-৫ম ধাপ) সমাপ্ত হয়েছে।

শনিবার দুপুরে জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয় সভাকক্ষে এ উপলক্ষে সমাপণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। তিনি বলেন,

“বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সর্ববৃহৎ শৃঙ্খলা বাহিনী হিসেবে তার জন্মলগ্ন থেকে জননিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশের প্রতিটি দুর্যোগ মুহূর্তে অগ্রণী ভূমিকায় অবতীর্ণ হওয়া এ বাহিনীর সদস্য হতে পারা অত্যন্ত গৌরবের। প্রশিক্ষণ গ্রহণের মধ্য দিয়ে এ গৌরবের অংশীদার হওয়ার যোগ্যতা অর্জন হলো। আগামীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ও অদূর ভবিষ্যতে দেশের প্রয়োজনে বাহিনীর আহবানে সাড়া দিয়ে নিজেদের যোগ্যতা প্রদর্শনের মধ্যেই এ প্রশিক্ষণ গ্রহণের সার্থকতা নিহিত।”

তিনি প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে করে বলেন, বিভিন্ন সামাজিক ও জনহিতকর কর্মকাণ্ড এবং আইন-শৃঙ্খলা রক্ষায় অনন্য ভূমিকা রাখার মাধ্যমে বাহিনীর সুনাম বয়ে আনবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

সদর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ফেরদোসী বানু’র সঞ্চালনায় অন্যান্যের মধ্যে কোর্সের সাথে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কর্মকর্তা সার্কেল অ্যাডজুট্যান্ট মোঃ আল-মামুন, মুজিবনগর উপজেলা প্রশিক্ষিকা ফেরদৌসী আরা ও বিভাগীয় প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সমাপনী

মেহেরপুরে আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলাভিত্তিক ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণর (পুরুষ— ৪র্থ ধাপ) সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শনিবার মেহেরপুর জেলা আনছার ওগ্রাম প্রতিরক্ষা বাহিনীর কার্যালয়ের প্রশিক্ষণ শেডের শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্র দত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র তুলে দেন।

গত ০৮ অক্টোবর থেকে শুরু হওয়া জেলার তিনটি উপজেলা হতে মোট ৬৮

জন যোগ্য ও নির্বাচিত প্রশিক্ষণার্থী উক্ত প্রশিক্ষণে অংশ নেন এবং সফলভাবে সম্পন্ন করেন।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, “বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সর্ববৃহৎ শৃঙ্খলা বাহিনী হিসেবে তার জন্মলগ্ন থেকে জননিরাপত্তায় গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। দেশের প্রতিটি দুর্যোগ মুহূর্তে অগ্রণী ভূমিকায় অবতীর্ণ হওয়া এ বাহিনীর সদস্য হতে পারা অত্যন্ত গৌরবের। উক্ত প্রশিক্ষণ গ্রহণের মধ্য দিয়ে এ গৌরবের অংশীদার হওয়ার যোগ্যতা অর্জন হলো।

তিনি বলেন, আগামীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ও অদূর ভবিষ্যতে দেশের প্রয়োজনে বাহিনীর আহবানে সাড়া দিয়ে নিজেদের যোগ্যতা প্রদর্শনের মধ্যেই এ প্রশিক্ষণ গ্রহণের সার্থকতা নিহিত।” বিভিন্ন সামাজিক ও জনহিতকর কর্মকান্ড এবং আইন-শৃঙ্খলা রক্ষায় অনন্য ভূমিকা রাখার মাধ্যমে বাহিনীর সুনাম বয়ে আনবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে কোর্সের সাথে সংশ্লিষ্ট কোর্স অ্যাডজুট্যান্ট গাংনী উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, প্রশিক্ষণ কর্মকর্তা মুজিবনগর উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, কোয়ার্টার মাস্টার সিএ মোঃ আল মামুন, মুজিবনগর উপজেলা টিআই মোঃ মানিক মিয়া ও বিভাগীয় প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণের শুভ উদ্বোধন

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, মেহেরপুর কর্তৃক আয়োজিত জেলা ভিত্তিক ২১ দিন মেয়াদি অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ- ৪র্থ ধাপ) এর উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার (০৮ অক্টোবর) দুপুর ২টার সময় জেলা কার্যালয়ের প্রশিক্ষণ শেডের শ্রেণি কক্ষে এ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

জেলা কমান্ড্যান্ট প্রদীপ চন্দ্রদত্ত প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর শুভ উদ্বোধন করেন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে প্রদীপ চন্দ্রদত্ত বলেন, প্রশিক্ষিত জনবল সমাজ ও দেশের সম্পদ। এ ধরনের প্রশিক্ষণ বাহিনীর এক চলমান প্রক্রিয়া। তৃণমূল পর্যায়ে বাহিনীর সদস্যরা প্রশিক্ষণ লব্ধ জ্ঞানকে কাজে লাগিয়ে নিজেরা যেমন কর্মসংস্থানের মাধ্যমে নিজেদের আত্মনির্ভরশীল করছে পাশাপাশি দেশের প্রয়োজনে বাহিনীর ডাকে সাড়া দিয়ে বিভিন্ন সামাজিক ও জনহিতকর কর্মকান্ড এবং আইন-শৃঙ্খলা রক্ষায় অনন্য ভূমিকা রাখার মাধ্যমে বাহিনীর সুনাম বয়ে আনছে। উক্ত প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষণার্থীরা নিজেদের দক্ষ ও যোগ্য হিসেবে গড়ে তুলবে এবং আগামীর স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে, অদূর ভবিষ্যতে দেশের যেকোন প্রয়োজনে বাহিনীর আহবানে সাড়া দিয়ে নিজেদের আত্মনিয়োগ করবে বলে আশাব্যক্ত করেন।

এ সময় কোর্সের সাথে সংশ্লিষ্ট কোর্স অ্যাড জুট্যান্ট গাংনী উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সাইদুর রহমান, প্রশিক্ষণ কর্মকর্তা মুজিবনগর উপজেলা আনসার কর্মকর্তা মিরাজুল ইসলাম, কোয়ার্টার মাস্টার সিএ মোঃ আল মামুন, সদর টিআই সাগর আহমেদসহ অন্যান্য প্রশিক্ষকগণ উপস্থিত ছিলেন।

এর আগে গত ৪ অক্টোবর গঠিত কমিটি কর্তৃক বাছাই প্রক্রিয়ার মাধ্যমে জেলার তিনটি উপজেলা হতে ৬৮ জনযোগ্য ও নির্বাচিত প্রশিক্ষণার্থী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করে। ৮ অক্টোবর থেকে শুরু হওয়া এই প্রশিক্ষণ চলবে ২৮ অক্টোবর পর্যন্ত।

নাটুদাহে গ্রামভিত্তিক মৌলিক

প্রশিক্ষণের সমাপনী ও সনদপত্র প্রদান অনুষ্ঠান

দামুড়হুদা উপজেলা আনসার ভিডিপি অফিসের আয়োজনে গ্রামভিত্তিক অস্ত্রবিহীন মৌলিক প্রশিক্ষণের সমাপনী ও সনদত্র প্রদান অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা রাফেজা খাতুনের সভাপতিত্বে আজ রোববার বেলা ১১ টার দিকে নাটুদহ ইউনিয়ন পরিষদ সভাকক্ষে এ সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গত মাসের ২০আগষ্ট থেকে শুরু হয়েছিল ১০ দিন ব্যাপি গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণটি।
প্রশিক্ষণে উপজেলার নাটুদহ ইউনিয়নের বিভিন্ন গ্রামের ৩২ জন পুরুষ ও ৩২ জন মহিলা অংশ নেয। ১০ দিন প্রশিক্ষণ শেষে আজ সকাল ১১ ঘটিকায় নাটুদহ ইউনিয়ন পরিষদ হল রুমে সকল সদস্যদের উপস্থিতিতে সমাপনী ও সনদপত্র প্রদান অনুষ্ঠান শুরু হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নাটুদহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন ইউপি সচিব নূরজাহান খাতুন, ইউপি সদস্য মনিরুল ইসলাম, কেরামত আলী, মহিলা মেম্বার রিজিয়া খাতুন, বেলী খাতুন, হিসাব সহকারি কাম কম্পিউটার অপারেটর সাব্বির আহাম্মেদ প্রমুখ।

অনুষ্ঠানে প্রধান অতিথিসহ অনান্য অতিথিরা ভিডিপি সদস্যদের উদ্দেশ্যে মূল্যবান বক্তব্য প্রদান করেন। পরিশেষে, প্রধান অতিথি মহোদয় সকল ভিডিপি সদস্যদের হাতে গ্রাম ভিত্তিক অস্ত্রবিহীন ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সনদপত্র প্রদান করেন।